১) বিন্দু – যাহার অবস্থান আছে, কিন্তু দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা বা গভীরতা নাই, তাহাকে বিন্দু বলে।

২) দশমিক – ১ সংখ্যাকে ১০ গুনিতকে (১০, ১০০, ১০০০ ইত্যাদি) ভাগ করিবার জন্য যে সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় তাহাকে দশমিক বলা হয়।

৩) রেখা – অসংখ্য বিন্দু-র যোগফলকে রেখা বলা হয়।

৪) রেখা ২ প্রকার

i) সরলরেখা – যে রেখা শুরু হইতে শেষ পর্যন্ত দিক পরিবর্তন করে না তাহাকে সরলরেখা বলা হয়।

* একটি সরলরেখার মান ১৮০° বা ২ সমকোন

ii) বক্ররেখা – যে রেখা শুরু থেকে দিক পরিবর্তন করিয়া যাতায়াত করে তাহাকে বক্ররেখা বলা হয়।

৫) ত্রিভুজ – তিনটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ সামতলিক ক্ষেত্রকে ত্রিভুজ বলা হয়।

** ত্রিভুজের ক্ষেত্রফল নির্নয় পদ্ধতি দুইটিঃ

i) $\frac{১}{২}$ ভূমি X উচ্চতা

ii) $\sqrt{S\ (S-A)\ (S-B)\ (S-C)}$ $\because$ $S = \frac{A+B+C}{2}$ (ABC ত্রিভুজের ৩ টি বাহু)

** চেইন সার্ভে-তে অধিক সূক্ষ্মকোণী/স্থূলকোনী অর্থাৎ ৩০° এর ছোট বা ১২০° এর বড় কোন যুক্ত ত্রিভুজ যেন না থাকে, যদি থাকে তবে সেইসব ক্ষেত্রে বিশেষ সতর্কতা/একাধিক বার সঠিক রূপে মাপ নিতে হবে। (কমপক্ষে ত্রিভুজের একটি চেক লাইন ও একটি টাই লাইন পরিমাপ লইতে হইবে এবং ড্রয়িং-এ চেক করিতে হইবে।)

৬) চতুর্ভূজ – চারটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ সামতলিক ক্ষেত্রকে চতুর্ভূজ বলা হয়।

i) চতুর্ভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ কর্ন X (লম্বদ্বয়ের সমষ্টি) বা

ii) কর্ন দ্বারা দুইটি ত্রিভুজে ভাগ করিয়া ক্ষেত্রফল $\frac{১}{২}$ কর্ন X (লম্বদ্বয়ের সমষ্টি)

৭) আয়তক্ষেত্র – যে চতুর্ভূজ-এর বিপরীত বাহু সমান ও সমান্তরাল এবং কোনগুলি সমকোন, কর্নদুটি সমান তাহাকে আয়তক্ষেত্র বলা হয়।

৮) সামন্তরিক – যে চতুর্ভূজের বিপরীত বাহু সমান ও সমান্তরাল কিন্তু কোন গুলি সমকোন নহে, কর্নদুটি সমান নহে তাহাকে সামন্তরিক বলা হয়।

৯) বর্গক্ষেত্র - যে চতুর্ভূজ-এর চারটি বাহু সমান ও সমান্তরাল এবং কোনগুলি সমকোন, কর্নদুটি সমান তাহাকে আয়তক্ষেত্র বলা হয়।


১০) রম্বস - যে চতুর্ভূজের চারটি বাহু সমান ও সমান্তরাল কিন্তু কোন গুলি সমকোন নহে, কর্নদুটি সমান নহে তাহাকে রম্বস বলা হয়।


১১) লম্ব/উচ্চতা/উন্নতি/প্রস্থ – কোন সরলরেখা বা ভূমির উপর উল্টো দিকে সোজা/ সমকোনে/৯০° কোনে/ দাঁড়িয়ে থাকা সোজা দিকের সরলরেখাকে লম্ব/উচ্চতা/উন্নতি/প্রস্থ বলা হয়।

১২) আয়তক্ষেত্র, সামন্তরিক, বর্গক্ষেত্র ও রম্বসের ক্ষেত্রফল = ভূমি X উচ্চতা

১৩) ট্রাপিজিয়াম – যে চতুর্ভূজের বিপরীত দুইটি বাহু সমান্তরাল, অপর দুইটি বাহু সমান্তরাল নহে তাহাকে ট্রাপিজিয়াম বলা হয়।

ক্ষেত্রফল = বাহুদ্বয়ের গড় X উচ্চতা




(i) ক্ষেত্রফল $=\left(\frac{AD+BC}{2}\right) X \left(\frac{AB+DD1}{2}\right)$ (ii) ক্ষেত্রফল $=\left(\frac{AD+BC}{2}\right) X \left(\frac{AA1+DD1}{2}\right)$